

চট্টগ্রাম ওভারসীজ এর নবায়ন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর
আদেশনামা

আপীল নং-৮৭৬/২০২০

তারিখঃ ২০/১২/২০২০

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
৩১/১২/২০২০	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেন্সীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ২৬/১০/২০২০ পর্যন্ত। এজেন্সীটি নবায়ন আবেদন দাখিল করেছে ১৫/১১/২০২০ তারিখ। নিবন্ধন কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত সময়ে নবায়ন আবেদন না করার কারণে ১৬/১১/২০২০ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২০/১২/২০২০ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেন্সীর মালিক জানান যে, নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল করতে পারেননি। আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্র, ১০ লক্ষ টাকা উল্লেখিতসহ ব্যাংক সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, অফিস ভাড়ার চুক্তিনামা এবং ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন।</p> <p>০২। আপীলকারীর নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করতে গিয়ে দেখা যায়, তাঁর সনদের ঠিকানা ম্যানিলা প্লাজা, আরাকান রোড (নীচ তলা), বহদ্রার হাট, চট্টগ্রাম উল্লেখ থাকলেও হালনাগাদ ট্রেড লাইসেন্সে জাফর টাওয়ার (৩য় তলা), ৯৪৪/১৫২৩ আরাকান রোড, বহদ্রারহাট পাঁচলাইশ উল্লেখ করা হয়েছে। “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” এর ৮(২) ধারা মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষের পূর্বনুমোদন ব্যতীত কোন ট্রাভেল এজেন্সী তাহার ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন করতে পারবেন না। অতঃ আপীলকারী মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত ঠিকানা পরিবর্তন করেছেন। অর্থাৎ তিনি আইনের ব্যত্যয় ঘটিয়েছেন।</p> <p>০৩। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” এর ১০ ধারা এবং “ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১ এর বিধান অনুযায়ী আপীল আবেদনটি “নামঞ্জুর” পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ১৬/১১/২০২০ তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত/৩১/১২/২০২০ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রঃপর্যঃ ও পরিঃ) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৮৭৬.২০২০- ১৩</p> <p>তারিখঃ ৩১/১২/২০২০</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) মুখ্য-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৪) জেলা প্রশাসক, চট্টগ্রাম। ৫) কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম। ৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সিনিয়র সহকারী সচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সান্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্মার্ট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব সৈয়দ মোহাম্মদ আশরাফ রেজা, স্বত্বাধিকারী, চট্টগ্রাম ওভারসীজ, ম্যানিলা প্লাজা, আরাকান রোড (নীচতলা) বাহারদার হাট, চট্টগ্রাম। 	



মিজানুর রহমান
অতিরিক্ত সচিব

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়